

৪৬.০২০.০০৪.০১.০০.০২৩.২০১৬- ৫) ৩

তারিখ : ১১/১১/১৬


বিষয় : রীট পিটিশন নং-৮৭৮/২০১৬, বাদী জনাব মোঃ নুরে আলম, চেয়ারম্যান, ধোবাউড়া ইউনিয়ন পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।

ময়মনসিংহ জেলার ধোবাউড়া উপজেলার ৩নং ধোবাউড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দায়িত্ব পালন সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৭৮/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।
Email-ishanaliraja@gmail.com

জেলা প্রশাসক
ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সিনিয়র সহকারী সচিব (ইপ-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।